



ফরিদগঞ্জ পৌরসভা কার্যালয়

ফরিদগঞ্জ, চাঁদপুর

স্মারক নং-ফঃ পৌঃ/প্রশাঃ/২০২২/১৪৫

তারিখ :- ০৩/০৮/২০২২ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

পৌরসভা কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯২-এর বিধি ৬-এর উপবিধি ৫ মোতাবেক সৃষ্ট শূন্যপদসমূহ পূরণের লক্ষ্যে ফরিদগঞ্জ পৌরসভা কার্যালয়ে নিম্নবর্ণিত অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের নিমিত্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে স্ব-হস্তে লিখিত নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও জাতীয় বেতন স্কেল/২০১৫	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
০১	সহকারী কর আদায়কারী (৯,৭০০-২৩,৪৯০)	০২	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক অথবা সমমানের ডিগ্রি।
০২	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (৯,৩০০-২২,৪৯০)	০২	উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ বাংলা ৩০ এবং ইংরেজী ৪০ শব্দের গতি থাকতে হবে। (কম্পিউটার ব্যবহারে দক্ষতা থাকতে হবে)।
০৩	বিদ্যুৎ মিস্ত্রি (৯,৩০০-২২,৪৯০)	০১	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট কোর্সে বি-সেকশন লাইসেন্সধারী হইতে হইবে।
০৪	টিকাদানকারী (৯,০০০-২১,৮০০)	০১	স্বীকৃত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। টিকাদান কাজে প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
০৫	অফিস সহায়ক (৮,২৫০-২০,০১০)	০১	অষ্টম শ্রেণি পাস এবং সুঠাম দেহের অধিকারী হতে হবে।

শর্তাবলী :-

- প্রার্থীকে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আগামী ২১/০৮/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সরাসরি/ডাকযোগে ফরিদগঞ্জ পৌরসভা কার্যালয়ে পৌছাতে হবে।
- দরখাস্তে নিম্নোক্ত তথ্যাবলী উল্লেখ থাকিতে হইবে।
(ক) নাম, (খ) পিতা/স্বামীর নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) শিক্ষাগত যোগ্যতা, (ঝ) জাতীয়তা, (ঞ) ধর্ম, (ট) অভিজ্ঞতা (যদি থাকে)।
- দরখাস্তের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি।
(খ) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
(গ) সিটি কর্পোরেশন মেয়র/পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদ।
(ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।
(ঙ) অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি (যদি থাকে)।
(চ) দরখাস্তের সাথে মেয়র, ফরিদগঞ্জ পৌরসভা-এর অনুকূলে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হইতে ক্রমিক নং- ০১-০২ পদের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা, ক্রমিক নং- ০৩-০৪ পদের জন্য ৭০০/- (সাতশত) টাকা এবং ক্রমিক নং-০৫ পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিতে হবে।
(ছ) জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।
(জ) সকল সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম ও সিলমোহর থাকতে হবে।
- আবেদনকারী বয়স সকল পদের ক্ষেত্রে ১৮-৩০ বৎসরের মধ্যে থাকতে হবে। বয়স প্রমাণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
- চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- অসম্পূর্ণ/ক্রটিপূর্ণ/বিলম্বে প্রাপ্ত/সুপারিশকৃত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- পৌরসভা চাকুরী বিধিমালা ১৯৯২ মোতাবেক কার্য সম্পন্ন করা হবে।
- খামের উপর স্পষ্ট অক্ষরে পদের নাম উল্লেখ করতে হবে।
- ২১/০৮/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে ফরিদগঞ্জ পৌরসভায় অস্থায়ী নিয়োজিত কর্মচারীদের জন্য বয়স শিথিলযোগ্য ও চাকুরীতে অগ্রাধিকার প্রাপ্ত হবে। কিন্তু স্ব-স্ব পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন বা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। সাফাৎকার গ্রহণের সময় সকল প্রকার সার্টিফিকেট-এর মূলকপি অবশ্যই সাথে আনতে হবে।

(আবুল খায়ের পাটওয়ারী)

যুদ্ধাহত মুক্তিযোদ্ধা

মেয়র

ফরিদগঞ্জ পৌরসভা, চাঁদপুর

ডিজি-১৬২২/২২ (৮'x৪)